

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
(স্থানীয় সরকার শাখা)
www.kushtia.gov.bd

স্মারক নং-০০.৪০.৫০০০.০০৯.১১.০০৫.২০২৬-৩০৫

তারিখঃ ১২ আশ্বিন ১৪৩৩
২৭ সেপ্টেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার গত ১৬ এপ্রিল ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.১১.০০২.১৭-১১৮ নম্বর স্মারকে জারিকৃত ছাড়পত্রের প্রেক্ষিতে কুষ্টিয়া জেলার স্থানীয় সরকার বিভাগের আওতাধীন বিভিন্ন ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর” পদে অস্থায়ীভিত্তিতে শূন্য পদ পূরণ এবং প্যানেল প্রস্তুতের নিমিত্ত কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত চাকরির আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা
১	হিসাব সহকারী- কাম-কম্পিউটার অপারেটর	৪৭টি (সাতচল্লিশ)	২১,৯০০-৫২,৯০০/- (গ্রেড-১৬)	ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনূ্যন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা। গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা-২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ।

আবেদনের শর্তাবলী:

- প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং কুষ্টিয়া জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সরকারের নির্দেশনা মোতাবেক উক্ত পদের বেতনের ৭৫% সরকারি অনুদান থেকে এবং ২৫% সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের নিজস্ব আয় থেকে নির্বাহ করা হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত চাকরির আবেদন ফরমে 'জেলা প্রশাসক, কুষ্টিয়া'কে সম্বোধন করে আগামী ০১ অক্টোবর ২০২৬ খ্রি. হতে ২৯ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে স্বহস্তে পূরণকৃত আবেদন ডাকযোগে জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া এ পৌছাতে হবে। সরাসরি বা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন প্রেরণ করা যাবে না। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বামপার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে। নির্ধারিত আবেদন ফরম এবং প্রবেশপত্র জেলা প্রশাসক, কুষ্টিয়া এর ওয়েবসাইট: www.kushtia.gov.bd হতে সংগ্রহ করা যাবে।
- প্রার্থীর বয়সসীমা ২৯ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখে ১৮-৩২ বছরের মধ্যে হতে হবে। শিক্ষাগত যোগ্যতার সনদ ও জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- এ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ (সংশোধিত ২০১৬) এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণপূর্বক নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।
- যে কোন তফসিলী ব্যাংক হতে জেলা প্রশাসক, কুষ্টিয়া-এর অনুকূলে নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:
ক) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজের রঞ্জন ছবি আবেদন ফরমের নির্ধারিত জায়গায় সংযুক্ত করতে হবে। ছবির পেছনের পৃষ্ঠায় প্রার্থীর নাম ও সত্যায়নকারী কর্মকর্তার স্পষ্ট সীল ও স্বাক্ষর থাকতে হবে।
খ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত ছায়াছবি।
গ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত কপি।
ঙ) মুক্তিযোদ্ধা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র।
চ) পদের ও প্রার্থীর নাম-ঠিকানা সম্বলিত ১০ (দশ) টাকা মূল্যমানের ডাকটিকেটযুক্ত ৯.৫" x ৪.২৫" আকারের একটি ফেরত খাম।

- ৮। কোটা সংক্রান্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।
- ৯। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
- ১০। বিলম্বে প্রাপ্ত এবং ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/স্বাক্ষরবিহীন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। ইতোপূর্বে এ কার্যালয় হতে ১৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখে ০০.৪০.৫০০০.০০৯.১১.০০৫.২০১৯-৪০৪ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক যারা আবেদন করেছেন, তাদের উল্লিখিত পদে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।
- ১২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন দাখিল করতে হবে।
- ১৩। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে আবেদনপত্র/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় মূল সনদপত্রসমূহ প্রদর্শন করতে হবে।
- ১৫। উক্ত নিয়োগের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের ২১ জানুয়ারি ২০২৬ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.৯৯.০২৪.১৯ (অংশ-১)-১৫ নং স্মারকপত্রের নির্দেশনা অনুসরণ করা হবে।
- ১৬। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবীর প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।
- ১৭। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তির শর্তাবলী পরিবর্তন/পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১৮। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

 ২৭/০৯/২০২৬
 আহমেদ মাহবুব-উল-ইসলাম
 উপপরিচালক (উপসচিব)
 স্থানীয় সরকার
 কুষ্টিয়া

স্মারক নং-০০.৪০.৫০০০.০০৯.১১.০০৫.২০২৬-৩০৫/১

তারিখঃ ১২ আশ্বিন ১৪৩৩
 ২৭ সেপ্টেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৩. পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
৪. জেলা প্রশাসক, ...(সকল)।

অনুলিপি : অবগতি ও বহল প্রচারের জন্য:

৫. পুলিশ সুপার, কুষ্টিয়া।
৬. সিভিল সার্জন, কুষ্টিয়া।
৭. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, কুষ্টিয়া ও সদস্য, বাছাই কমিটি।
৮. উপজেলা নির্বাহী অফিসার, ...(সকল), কুষ্টিয়া।
৯. সহকারী প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, কুষ্টিয়া।
১১. সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া।
১২. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কোর্ট বিল্ডিং শাখা, কুষ্টিয়া।
১৩. সম্পাদক, দৈনিক..... বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় ০১(এক) দিনের জন্য তঁর বহল প্রচারিত পত্রিকায় প্রকাশ করে ০৫(পাঁচ) কপি জেলা প্রশাসক, কুষ্টিয়া বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৪. অফিস নথি/নোটিশ বোর্ড।

 ২৭/০৯/২০২৬
 আহমেদ মাহবুব-উল-ইসলাম
 উপপরিচালক (উপসচিব)
 স্থানীয় সরকার
 কুষ্টিয়া

চাকরির আবেদন ফরম

বরাবর
জেলা প্রশাসক
কুষ্টিয়া।

ছবি

১.	পদের নাম :																				
২.	বিজ্ঞপ্তির নম্বর :										তারিখ:										
											দি	ন	মা	স	ব	৭	স	র			
৩.	প্রার্থীর নাম :		বাংলায় ইংরেজিতে (বড় অক্ষরে)																		
৪.	জাতীয় পরিচয় নম্বর																				
	জন্ম নিবন্ধন নম্বর																	(যে কোনো একটি)			
৫.	জন্ম তারিখ :		৬. জন্মস্থান (জেলা): কুষ্টিয়া																		
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স :										বছর		মাস		দিন						
৮.	মাতার নাম :																				
৯.	পিতার/স্বামীর নাম :																				
১০.	ঠিকানা :		বর্তমান										স্থায়ী								
	বাসা ও সড়ক (নাম/নম্বর):																				
	গ্রাম/পাড়া/মহল্লা :																				
	ইউনিয়ন/ওয়ার্ড:																				
	ডাকঘর:																				
	পোস্ট কোড নম্বর :																				
	উপজেলা :																				
	জেলা :																				
১১.	যোগাযোগ		মোবাইল/টেলিফোন নম্বর										ই-মেইল (যদি থাকে)								
১২.	জাতীয়তা :										১৩.		জেন্ডার-								
১৪.	ধর্ম :										১৫.		পেশা-								
১৬.	শিক্ষাগত যোগ্যতা :																				
	পরীক্ষার নাম		বিভাগ		শিক্ষা প্রতিষ্ঠান		পাসের সন		বোর্ড/বিশ্ববিদ্যালয়				গ্রেড/শ্রেণি/বিভাগ								
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):																				
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):																				
১৯.	কোটা (টিক দিন):		মুক্তিযোদ্ধা/শহীদমুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা										এতিম/শারীরিক প্রতিবন্ধী								
			ক্ষুদ্র-গোষ্ঠী					আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য					অন্যান্য(উল্লেখ করুন)								
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বরঃ										তারিখ :			দি	ন	মা	স	ব	৭	স	র
	ব্যাংক ও শাখার নামঃ																				
২১.	বিভাগীয় প্রার্থী কিনা(টিক দিন):										হ্যা		না		প্রযোজ্য নয়						

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ড পত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখ :

--	--	--	--	--	--	--	--

প্রার্থীর স্বাক্ষর

বিঃদ্রঃ আবেদন ফরম স্ব-হস্তে পূরণ করতে হবে।